# দিনাজপুর পৌরসভা কার্যালয়
## দিনাজপুর

www.dinajpurmunicipality.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

তারিখ- ২২ পৌষ ১৪৩২
০৬ জানুয়ারি ২০২৬

স্মারক নম্বর-দিনাজ/পৌর/২০২৬/ ১৮

পৌরসভাধীন হাটবাজার/কসাইখানা/ গণ শৌচাগার/ বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট এর ১৪৩৩ বাংলা সনের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি।

## ইজারা বিজ্ঞপ্তি নম্বর-০১/২০২৬

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর পৌরসভাধীন হাট/বাজার/কসাইখানা/ শৌচাগার/ বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট এর ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহর যুক্ত খামে শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের আবেদন ফরম (সিডিউল) নিম্নোক্ত নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্যাশিয়ার, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর; জেলা প্রশাসক, দিনাজপুর এর কার্যালয় (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর ও সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, দিনাজপুর হতে নিম্নে বর্ণিত সময় সূচী অনুযায়ী অফিস চলাকালীন ক্রয় করা যাবে। আবেদন ফরমসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুরে (স্থানীয় সরকার শাখা) রক্ষিত দরপত্র বাক্সে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিনে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা-৩.০০ ঘটিকায় আবেদন ফরম/দরপত্রসমূহ উপস্থিত দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

নির্ধারিত সময় সূচী মোতাবেক ১ম বার ইজারা প্রদান সম্ভব না হলে ২য় বার এর সময় সূচী অনুযায়ী ইজারা প্রদান কার্যক্রম গ্রহণ করা হবে। ২য় বারও ইজারা প্রদান সম্ভব না হলে ৩য় বারের সময় সূচী অনুযায়ী ইজারা প্রদান কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য যে সকল মহালের দাখিলকৃত দর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হবে সেগুলো বাদে অবশিষ্ট মহালের ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে। এ জন্য পুনরায় বিজ্ঞপ্তি প্রদান করা হবে না। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে পৌরসভার বাজার শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

### ইজারার সময়সূচী নিম্নরূপ

| পর্যায় নম্বর | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার | ১৮/০১/২০২৬ তারিখ অফিস চলাকালীন | ১৯/০১/২০২৬ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ১৯/০১/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা। |
| ২য় বার | ২৭/০১/২০২৬ তারিখ অফিস চলাকালীন | ২৮/০১/২০২৬ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ২৮/০১/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা। |
| ৩য় বার | ০২/০২/২০২৬ তারিখ অফিস চলাকালীন | ০৩/০২/২০২৬ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ০৩/০২/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা। |

### ইজারাযোগ্য হাটবাজার/কসাইখানা/গণ শৌচাগার/বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট এর বিবরনঃ

| ক্রম | ইজারা মহালের বিবরণ | সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) | সরকারি মূল্য |
|---|---|---|---|
| ১ | রেলবাজার হাট (পশুহাট), দিনাজপুর | ৩২০০/- | ১০,৫৩,৩২২/- |
| ২ | রেলবাজার হাট (তোহা বাজার), দিনাজপুর | ৭৬০০/- | ২৮,৮৪,০৮৩/- |
| ৩ | বাহাদুর বাজার এনএ মার্কেট, দিনাজপুর | ১৪০০০/- | ৬৭,০৫,২৭৮/- |
| ৪ | চকবাজার, মালদহপট্টি, দিনাজপুর | ১৮০০/- | ৫,৭৫, ২৬২/- |
| ৫ | রামনগর বাজার,রামনগর, দিনাজপুর | ১০০০/- | ১,৪১,০১৬/- |
| ৬ | কালিতলা ফল মার্কেট, দিনাজপুর | ৪৪০০/- | ১৭,৫৬,০৬৭/- |
| ৭ | বাস টার্মিনাল, মির্জাপুর, দিনাজপুর | ১৮০০/- | ৫,৫২,১২২/- |
| ৮ | ট্রাক টার্মিনাল, দিনাজপুর | ২৪০০/- | ৯,৯৯,৯৩৪/- |
| ৯ | কালিতলা ফল মার্কেট শৌচাগার, দিনাজপুর | ৫০০/- | ১৯,৬১০/- |
| ১০ | বাস টার্মিনাল শৌচাগার, মির্জাপুর, দিনাজপুর | ১২০০/- | ৩,৬১,৮৫০/- |
| ১১ | ফুলবাড়ী বাসস্ট্যান্ড শৌচাগার, দিনাজপুর | ৫০০/- | ৩১,৮০০/- |
| ১২ | বাহাদুর বাজার শৌচাগার, দিনাজপুর | ১৮০০/- | ৫,৫৮,৩৯৮/- |
| ১৩ | রেল বাজার গণ শৌচাগার (নতুন), দিনাজপুর | ১০০০/- | ২,০৬,০০০/- |
| ১৪ | বালুবাড়ী কসাইখানা, দিনাজপুর | ১৪০০/- | ৪,৫২,৩৬১/- |
| ১৫ | রাজাপাড়া খেয়াঘাট, দিনাজপুর | ৫০০/- | ৩৫,৬১৬/- |

## ইজারার শর্তাবলী

১. বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বছর মেয়াদকালের জন্য পৌরসভাধীন হাট/বাজার/কসাইখানা/শৌচাগার /বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট এর ইজারা দেয়া হবে;

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ১০০% (শতকরা একশত ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর ১০% (দশ) আয় কর এবং ১৫% (পনের) ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সাথে (যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ডিডি/পে-অর্ডার) এর মাধ্যমে **প্রশাসক, দিনাজপুর পৌরসভা** এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ৫% অর্থ জামানত হিসাবে জমা করিতে হবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে। অন্যথায় জামানতসহ প্রদত্ত ইজারা দরপত্র বাতিল বলে গণ্য হবে;

৩. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত বর্ণিত সময় সূচি অনুযায়ী অব্যাহত থাকবে এবং ইতিমধ্যে নতুন বছর শুরু হলে নিয়মানুযায়ী খাস আদায় কার্যক্রম চলবে;

৪. এক মহালের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক মহালের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না;

৫. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট/বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করবেন;

৬. বাস ও ট্রাক টার্মিনাল আঙ্গিনায় যে সকল দোকান পাট/ঘর পৌরসভা কর্তৃক ইজারা/ভাড়া দেয়া হয়েছে বা হবে তা ইজারা/ভাড়ার অর্থ যথারীতি পৌরসভা গ্রহণ করবে।

৭. বাস টার্মিনালের ইজারাগ্রহণকারী মিনিবাস প্রতি ১৫/-(পনের) টাকা, বাস প্রতি ২০/-(বিশ) টাকা এবং ট্রাক টার্মিনালের ইজারাগ্রহণকারী ট্রাক/ট্যাংক লড়ি/কাভার্ডভ্যান প্রতি তিন টন পর্যন্ত ২০/-(বিশ) টাকা, তিন টন হতে পাঁচ টন পর্যন্ত ৩০/-(ত্রিশ) টাকা ও পাঁচ টনের উর্দ্ধে ৫০/-(পঞ্চাশ) টাকা হারে টোল আদায় করতে পারবেন। বাস টার্মিনাল ও ট্রাক টার্মিনাল আঙ্গিনায় নালা পরিষ্কার পরিচ্ছন্নসহ আলোর ব্যবস্থা ইত্যাদি ইজারা গ্রহণকারীকে নিজ খরচে করতে হবে। উক্ত শর্ত যথাযথভাবে নিশ্চিত করার জন্য ইজারাদারকে ইজারা অর্থের ৫% হারের সমপরিমানের একটি বন্ড প্রদান করতে হবে। বাস টার্মিনাল ও ট্রাক টার্মিনাল যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং টার্মিনাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রত্যয়ন করা সাপেক্ষে ইজারা মেয়াদ শেষে ফেরত দেয়া হবে;

৮. কসাইখানার নির্বাচিত ইজারাদার পশু জবাই ফি বাবদ ছাগল/ভেড়া প্রতিটি ৩০/-(ত্রিশ), গরু প্রতিটি ৬০/-(ষাট) এবং মহিষ প্রতিটি ৮০/-(আশি) টাকা হারে আদায় করতে পারবেন;

৯. প্রত্যেক মহালের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে;

১০. ইজারাদার কোনক্রমেই হাট/বাজার/কসাইখানা/শৌচাগার/বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট অন্যের নিকট সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে;

১১. ইজারা কার্যক্রম সম্পন্ন হওয়ার ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে;

১২. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও মহালের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। দুই বা ততোধিক দরপত্র দাতার দর একই বা সর্বোচ্চ হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না;

১৩. ইজারাদারকে ইজারা ব্যবসায়ী হিসাবে হাল নাগাদ ট্রেড লাইসেন্স এবং জাতীয় পরিচয় পত্র (NID) এর সত্যায়িত কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

১৪. ইজারাদার নিজ খরচে হাট/বাজার/কসাইখানা/শৌচাগার/বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট এর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন;

১৫. পৌর কর্তৃপক্ষ বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারি যে কোন মহাল হাট/বাজার/কসাইখানা/শৌচাগার/বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট যে কোন সময় পরিদর্শন করতে পারবেন। এজন্য ইজারাদারকে নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করতে হবে;

১৬. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক যে কোন মহালের উন্নয়ন কিংবা অন্য কোন প্রয়োজনে অনুমোদিত ইজারা বাতিল করতে পারবেন এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে;

১৭. হাট/বাজার/কসাইখানা/শৌচাগার/বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট এর ইজারার টাকা সরকারি দাবী অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে;

১৮. কোন প্রতিষ্ঠান/সমিতি ইজারা গ্রহণের নিমিত্ত দরপত্র দাখিল করলে দরপত্রে সকল সদস্যের স্বাক্ষর থাকতে হবে। অন্যথায় দরপত্রে যিনি একক স্বাক্ষর করবেন তার নামে কমিটির ক্ষমতাপত্র দাখিল করতে হবে এবং প্রতিষ্ঠান/সমিতির স্থায়িত্ব সংক্রান্ত প্রমানপত্র দাখিল করতে হবে;

১৯. দর যাচাইয়ের জন্য কর্তৃপক্ষ পুনঃ দরপত্র আহবান করতে পারবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার বিডি/ডিডি/পে-অর্ডার অফিসে সংরক্ষণ করা হবে। দর যাচাইয়ের প্রেক্ষিতে সর্বোচ্চ দরদাতা পুনরায় দরপত্র প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে চাইলে তাকে শুধু অতিরিক্ত হারের টাকা বিডি/ডিডি/পে-অর্ডারের মাধ্যমে দাখিল করলেই চলবে;

২০. ইজারাদার হাট/বাজার/কসাইখানা/শৌচাগার/বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল/খেয়াঘাট এর চৌহদ্দির মধ্যে কোন প্রকার স্থায়ী অবকাঠামো নির্মাণ করতে পারবেন না বা অন্যকে অবকাঠামো নির্মাণের অনুমতি দিতে পারবেন না;

২১. ইতোপূর্বে যে কোন ইজারাদারের নিকট বকেয়া ইজারা অর্থ পাওনা থাকলে তা একযোগে পরিশোধ করে তিনি বাংলা ১৪৩২ সনের দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। অন্যথায় তার কিংবা তাদের দরপত্র বাতিল বলে গণ্য হবে;

২২. বিদ্যুৎ বিল (প্রযোজ্য মহালের ক্ষেত্রে) ইজারা গ্রহীতাকে বহন করতে হবে এবং নিয়মিত পরিশোধ করতে হবে;

২৩. কোন দরদাতা বা তার পরিবারের নামে সার্টিফিকেট মোকদ্দমা চলমান থাকলে তিনি বা তার পরিবার ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না; এবং

২৪. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬/০১/২০২৬

মোঃ রিয়াজ উদ্দিন
প্রশাসক
দিনাজপুর পৌরসভা,দিনাজপুর।

স্মারক নম্বর-দিনাজ/পৌর/২০২৬/

তারিখ- ২২ পৌষ ১৪৩২
০৬ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
৩। জেলা প্রশাসক, দিনাজপুর
৪। পুলিশ সুপার, দিনাজপুর। প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর
৫। প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
৭।প্রশাসক,ঠাকুরগাঁও/সৈয়দপুর/পঞ্চগড়/নীলফামারী/পীরগঞ্জ/পার্বতীপুর/ফুলবাড়ী/সেতাবগঞ্জ/বীরগঞ্জ/ঘোড়াঘাট/বিরামপুর/হাকিমপুর/বিরল পৌরসভা
৮। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), দিনাজপুর জেলা
৯। জনাব ..........................................................................প্রশাসকের কর্ম সম্পাদনে সহায়তা কমিটি, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর
১০। সকল বিভাগ/শাখা প্রধান, দিনাজপুর পৌরসভা
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, দিনাজপুর
১২। কোষাধ্যক্ষ, দিনাজপুর পৌরসভা
১৩। জনাব ..........................................................................................ইজারাদার, দিনাজপুর
১৪। সম্পাদক, দৈনিক .............................................................(বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ১(এক) দিন একবার প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৫। নোটিশ বোর্ড অত্র দপ্তর
১৬। অফিস নথি (সংরক্ষণ)

০৬/০১/২০২৬

মোঃ রিয়াজ উদ্দিন
প্রশাসক
দিনাজপুর পৌরসভা,দিনাজপুর।